দর্শনার দোস্ত গ্রামে ৮ম শ্রেনীর অপহৃত ছাত্রী উদ্ধার, অপহরক গ্রেফতার

চুয়াডাঙ্গার দোস্ত গ্রামে প্রাইভেট পড়তে যাবার পথে ৮ম শ্রেণীর এক ছাত্রী অপহৃত হয়েছে। এ ঘটনায় মেয়ের পিতা মামলা করায় অপহরক এই গ্রামের মহাসিনকে গ্রেফতার করেছে পুলিশ। সেই সাথে স্কুলছাত্রীর ডাক্তারী পরীক্ষা সম্পন্ন এবং জবান বন্দি গ্রহণ করেছে বিজ্ঞ আদালত।

অভিযোগে জানাগেছে, চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর ইউনিয়নের দোস্ত গ্রামের বসুতিপাড়ার আশফাকুর রহমান মিন্টু মোল্লার মেয়ে ৮ম শ্রেণীর ছাত্রী রিয়া খাতুন ১ অক্টোবর বিকাল ৩টার দিকে প্রাইভেট পড়ার উদ্দেশ্যে বাড়ি থেকে দোস্ত বাজারের দিকে যাচ্ছিলো। এসময় রিয়া বাজারের নিকটবর্তী ক্লিনিকের নিকট পৌছুলে এই পাড়ার ছানোয়ার হোসেনের ছেলে মহাসীন মিয়া (১৯) তার লোকজন নিয়ে মাইক্রোবাসে করে তাকে অপহরণ করে নিয়ে যায়। এঘটনায় মেয়ের পিতা বাদি হয়ে মহাসিনকে প্রধান আসামী করে ৫ জনের বিরুদ্ধে দর্শনা থানায় একটি অপহরণ মামলা দায়ের করেন।

মামলার অন্যআসামীরা হচ্ছেন খোদাবক্স মণ্ডলের ছেলে ছানোয়ার হোসেন, আনোয়ার হোসেন, ছানোয়ারের ছেলে মুস্তাক হোসেন, ও আনোয়ার হোসেনের ছেলে শামীম হোসেন। পুলিশ মঙ্গলবার রাতে দামুড়হুদায় অভিযান চালিয়ে অপহরক মহাসিনকে গ্রেফতারের পাশাপাশি অপহৃত স্কুলছাত্রী উর্দ্ধার করতে সক্ষমত হয়।

গতকাল বুধবার অপহরক মহাসিনকে আদালতে সোপর্দ করলে বিজ্ঞ আদালতের বিচারক তাকে জেলহাযতে প্রেরণের নির্দেশ দেন।

অপর দিকে এ ঘটনায় অপহৃত স্কুলছাত্রীর ডাক্তারী পরীক্ষা সম্পন্ন এবং বিজ্ঞ আদালতের নিকট জবানবন্দি পেশ করেছে বলে পুলিশ জানিয়েছে। মামলার তদন্তকারী অফিসার এসআই ফজলুর রহমান বলেন, গ্রেফতারকৃতকে আদালতে সোপর্দ এবং স্কুলছাত্রীকে তার অভিভাবকের হেফাজতে দেয়া হয়েছে এবং মামলার বাকি আসামীমের গ্রেফতারের চেষ্টা অব্যাহত আছে।